## Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 30 June, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলার রংছাতি ইউনিয়নের মুন্সিপুর গ্রামে পানিতে ডুবে মো. রাফসান (দেড় বছর) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।সোমবার (৩০ জুন) সন্ধ্যার আগে এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত রাফসান মুন্সিপুর গ্রামের মো. ফেরদৌস মিয়া ও রাশিদা আক্তার দম্পতির একমাত্র সন্তান।পরিবারের আদরের এই শিশুটি বিকেলে বাড়ির পাশে খেলতে গিয়ে পরিবারের অজান্তে পেছনের পুকুরে পড়ে যায়।অনেক খোঁজাখুঁজির পর পানিতে তাকে ভাসতে দেখে দ্রুত উদ্ধার করে কলমাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।তবে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. সুমন পাল শিশুটিকে মৃত ঘোষণা করেন।

দুর্বিষহ এই ঘটনার খবর পেয়ে কলমাকান্দা থানা পুলিশ দ্রুত ঘটনাস্থল এবং হাসপাতালে পৌঁছে প্রয়োজনীয় তদন্ত সম্পন্ন করে আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করে।

কলমাকান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ লুৎফর রহমান বলেন, "ঘটনাটি অত্যন্ত দুঃখজনক।শিশুটি খেলতে গিয়ে অসাবধানতাবশত পানিতে পড়ে যায়।আমরা আইনানুগ সব কার্যক্রম সম্পন্ন করেছি।"

রাফসানের মৃত্যুতে পুরো মুন্সিপুর গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।প্রতিবেশীরা জানান, ছোট্ট এই শিশুটি ছিল সবার প্রিয়।এমন মর্মান্তিক মৃত্যু কেউই মেনে নিতে পারছেন না।

সন্তান হারিয়ে শোকাহত বাবা-মা এখন বাকরুদ্ধ।এই ঘটনা আবারও সতর্ক করে দেয়, শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে অভিভাবকদের সর্বোচ্চ সচেতন থাকা প্রয়োজন, বিশেষ করে বাড়ির আশপাশে যদি পুকুর বা জলাশয় থাকে।

পুকুর মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:12

URL: https://timestodaybd.com/public/mymensingh/7758073988